

দশম শ্রেণি
পাঠ মূল্যায়ন -- ২
ফিন্যান্স এন্ড ব্যাংকিং

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

ক- বিভাগ

সংক্ষিপ্ত প্রশ্ন - ৩০ (প্রতিটি প্রশ্নের মান -১)

- ১। উৎপাদনের উপকরণ কী কী ?
- ২। বন্ড কী ?
- ৩। শিল্প ব্যাংক কোন ধরনের প্রতিষ্ঠান?
- ৪। চক্রবৃদ্ধি সুদ কী ?
- ৫। অর্থের সময় মূল্যের মূল কারণ কী ?
- ৬। ঝুঁকিমুক্ত আয় কী ?
- ৭। কোনটি থেকে ঝুঁকির সৃষ্টি হয় ?
- ৮। ব্যবসায়ের ব্যর্থতার দায় কাকে নিতে হয় ?
- ৯। অর্থায়নে সাফল্যের চাবিকাঠি কী?
- ১০। কোন ধরনের শেয়ার মালিকরা নির্দিষ্ট হারে লভ্যাংশ পেয়ে থাকে ?
- ১১। কর সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয়ের সূত্রটি লেখ ।
- ১২। কোন শেয়ারকে প্রবর্তক শেয়ার বলে অভিহিত করা হয় ?
- ১৩। শেয়ার কাকে বলে ?
- ১৪। নগদ লভ্যাংশের পরিবর্তে অনেক সময় কোম্পানি কোন ধরনের লভ্যাংশ দেয় ?
- ১৫। কোন বাজারে বিনিয়োগকারীরা নিজেদের মধ্যে শেয়ার কেনাবেচা করে?
- ১৬। বাংলাদেশে কয়টি স্টক একচেঞ্জ রয়েছে ?
- ১৭। কোন প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত ?
- ১৮। আধুনিক অর্থনীতির জীবনী শক্তি কী ?
- ১৯। নোট ও মুদ্রা প্রচলন করে কোন ব্যাংক ?
- ২০। বিল বাটাকরণ কী ?
- ২১। ব্যাংক ব্যবসায় তহবিলের মূল উৎস কোনটি ?
- ২২। ক্রেডিট কার্ড কাকে বলে ?
- ২৩। ATM এর পূর্ণরূপ কী ?
- ২৪। নিয়মিত বিদেশ সফরকারীদের জন্য কোন হিসাব জরুরি ?
- ২৫। কেন্দ্রীয় ব্যাংকের প্রধান নির্বাহীকে কী বলে ?

- ২৬। কোন হিসাবে সাধারণত কোন সুদ প্রদান করা হয় না ?
- ২৭। হস্তান্তরযোগ্য বিনিময় বিল কোনটি?
- ২৮। ব্যাংক গ্রাহককে কখন টাকা ফেরত দেয় ?
- ২৯। মুদ্রার সবচেয়ে প্রধান কাজ কোনটি?
- ৩০। মূলধন বাজেটিং এর সবচেয়ে সরল ও জনপ্রিয় পদ্ধতি কোনটি ?

খ -বিভাগ

সৃজনশীল প্রশ্ন -৭০

(প্রতিটি প্রশ্নের মান ক+খ+গ+ঘ = ১+২+৩+৪=১০)

- ১। কাঠামো, মালিকানা, গঠন, নিবন্ধন, অঞ্চল ও নিয়ন্ত্রণের ভিত্তিতে ব্যাংকিং ব্যবসায় বিভিন্ন ধরনের হয়ে থাকে। এসব ব্যাংকের প্রধান উদ্দেশ্য হচ্ছে গ্রাহক সেবার মাধ্যমে মুনাফা অর্জন করা।
ক. চাইন ব্যাংকিং কী ?
খ. বাণিজ্যিক ব্যাংকের দুটি কার্যাবলি ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের আলোকে বিভিন্ন ধরনের ব্যাংকিং ব্যবস্থা গড়ে ওঠার কারণ কী ?
ঘ. “গ্রাহক সেবার মাধ্যমে মুনাফা অর্জন করা ব্যাংকের প্রধান উদ্দেশ্য” বিশ্লেষণ কর।

- ২। একটি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। প্রকল্পটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর।

বছর	১	২	৩	৪	৫
কর ও অবচয় পরবর্তী	৪০,০০০	৪৮,০০০	৫৬,০০০	৬৪,০০০	৮০,০০০
নগদ প্রবাহ					

- ক. পে-ব্যাংক পদ্ধতির জনপ্রিয়তার কারণ কী ?
খ. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি ও কী কী ?
গ. গড় মুনাফার হার পদ্ধতির সিদ্ধান্ত নীতিটি ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকটি থেকে গড় মুনাফার হার নির্ণয় কর।
- ৩। এসিআই কোং লিমিটেড তাদের ব্যবসায় প্রসার করার লক্ষ্যে ব্যাংক থেকে ১৫ কোটি টাকা ১৫% হারে ঋণ গ্রহণ করল। তাদের ঋণ মূলধন ব্যয় হবে ১৫% এবং
করের হার ৪০%।

ক. কোন আয়ের কোন প্রত্যক্ষ ব্যয় নেই ?

খ. ঋণকৃত মূলধনের কর পরবর্তী খরচের সূত্রটি ব্যাখ্যা কর ।

গ. এসিআই কোং লিমিটেডের এর কর পরবর্তী ঋণের ব্যয় কত ? সূত্র প্রয়োগের মাধ্যমে উপস্থাপন কর ।

ঘ. এসিআই কোং লিমিটেড ব্যাংক ছাড়া অন্যান্য কোন উৎস হতে মূলধন সংগ্রহ করতে পারবে তা আলোচনা কর ।

৪। সুরমা ব্যাংক একটি জনকল্যাণমূলক অমুনাফাভোগী জাতীয় প্রতিষ্ঠান । ব্যাংকটি নোট ও মুদ্রা প্রচলন, ঋণ নিয়ন্ত্রন, মূল্যস্তর স্থিতিশীল রাখাসহ বিভিন্ন ধরনের কার্যাবলি সম্পাদন করে ।

ক) নিকাশ ঘর কী ?

খ) বিধিবদ্ধ রিজার্ভ কী? ব্যাখ্যা কর ।

গ) সুরমা ব্যাংক কোন ধরনের ব্যাংক ? ব্যাখ্যা কর ।

ঘ) উক্ত ব্যাংকটি কীভাবে ঋণ নিয়ন্ত্রন করে? বিশ্লেষণ কর ।

৫। মি. আবির ব্যাংকে হিসাব খোলার সময় কিছু প্রতারণার আশ্রয় নিয়েছিলেন । ব্যাংক যখন বুঝতে পারে তখন তার ব্যাংক হিসাবটি বন্ধ করে দেয় ।

ক. ব্যাংক ও গ্রাহকের সম্পর্ক কিসের ?

খ. গোপনীয়তা রক্ষা কে করেন ? ব্যাখ্যা কর ।

গ. মি. আবির কোন নীতিটি অমান্য করে প্রতারণার আশ্রয় নেন ?

ঘ. ব্যাংক ও গ্রাহকের সম্পর্কের অবসান কী কী কারণে ঘটে থাকে ? বিশ্লেষণ কর ।

৬। জনাব হাসান একজন ব্যাংক কর্মকর্তা । তিনি যে ব্যাংকে চাকরি করেন সে ব্যাংক অন্যান্য ব্যাংকের পরিচালনা বিধি প্রণয়ন করে । যেকোনো বিপদে সহায়তাও

করে থাকে । অন্যান্য ব্যাংক উক্ত ব্যাংকের নিয়ম মেনে চলে ।


ক) বাংলাদেশ ব্যাংক কখন প্রতিষ্ঠিত হয় ?

খ) কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক - ব্যাখ্যা কর ।

গ) জনাব হাসান যে ব্যাংকের কর্মকর্তা সে ব্যাংকের সাধারণ কার্যাবলি ব্যাখ্যা কর ।

ঘ. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত ব্যাংকের ভূমিকা মূল্যায়ন কর ।

৭। নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. ঋণ কাকে বলে?

খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল বলতে কী বোঝ ?

গ. দীর্ঘমেয়াদি উৎস হিসেবে ঋণপত্রের গুরুত্ব বর্ণনা কর ।

ঘ. অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস হিসেবে ঋণ ও লিজিং পদ্ধতির মধ্যে তুলনামূলক আলোচনা কর ।